# পূর্ণাঙ্গ ঠিকানা না দেওয়ায় প্রবাসীদের নিবন্ধন সাময়িক স্থগিত




সংগৃহীত ছবি

বাংলাদেশ নির্বাচন কমিশন জানিয়েছে, ‘Postal Vote BD’ অ্যাপে পূর্ণাঙ্গ ঠিকানা প্রদান না করায় মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসীদের ভোটার নিবন্ধন কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে। এ দেশে রয়েছে বাহরাইন, কুয়েত, মালয়েশিয়া, ওমান, কাতার, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত।

নির্বাচন কমিশন সচিবালয়ের পরিচালক (জনসংযোগ) রুহুল আমিন মল্লিক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বৃহস্পতিবার (২৭ নভেম্বর) এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সঠিক ও পূর্ণাঙ্গ ঠিকানা ছাড়া প্রবাসীদের পোস্টাল ব্যালট পেপার প্রেরণ করা সম্ভব নয়।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, পরবর্তী করণীয় সম্পর্কে প্রবাসীদের দ্রুত অবহিত করা হবে।

LENS ASIA